



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

নং- মশিবো/বিদ্যা/১৫/ময়/৯৪৪

তারিখ : ০৩/০৪/২০২৪ খ্রিঃ

বিষয় : ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৪ এর অনিয়মের অভিযোগ সম্পর্কিত সত্যতা যাচাই করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ গত ৩১/০৩/২০২৪ তারিখে বিদ্যালয়টির দাতা সদস্য এডভোকেট মোঃ নূরুল ইসলাম খান এর অভিযোগ সম্পর্কিত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন বান্দিয়া আদর্শ উচ্চ বিদ্যালয়ের দাতা সদস্য ম্যানেজিং কমিটির নির্বাচন-২০২৪ এর সংক্রান্ত অভিযোগ উত্থাপন করে একখানা আবেদন করেছেন। আবেদনে উল্লেখ করেন যে, উক্ত বিদ্যালয়ের এডহক কমিটির সভাপতি মোহাম্মদ মিজানুর রহমান খান ও অসিমা আক্তার, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এবং প্রিজাইডিং অফিসার (প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, কর্মকর্তা) বৃন্দে যোগসাজশে সন্ত্রাসী প্রকৃতির লোকজন নিয়ে বেআইনী, অবৈধ, বিধি বর্হিভূত ও জোরপূর্বকভাবে নির্বাচিত কতিপয় সদস্যগণ ও শিক্ষক প্রতিনিধিগণের স্বাক্ষর নিয়ে নিয়ম বর্হিভূত ও অবৈধভাবে ম্যানেজিং কমিটি করে তা অনুমোদনের জন্য অত্র বোর্ডে প্রেরণ করেছেন।

উপরোক্ত অভিযোগের প্রেক্ষিতে উক্ত বিদ্যালয়টির ম্যানেজিং কমিটির নির্বাচন-২০২৪ এর বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সত্যতা যাচাই করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন আগামী ১৫ দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ অভিযোগের কপি ১ ফর্দ।

প্রাপক :

উপজেলা নির্বাহী কর্মকর্তা  
ভালুকা, ময়মনসিংহ।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে  
স্বাঃ

(ড.মোঃ দিদারুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ময়মনসিংহ

মেমো নং - ৯৪৪ (৫)

তারিখ : ০৩/০৪/২০২৪ খ্রিঃ

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
৩. প্রিজাইডিং অফিসার, ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৪, অত্র বিদ্যালয়।
৪. প্রধান শিক্ষক, বান্দিয়া আদর্শ উচ্চ বিদ্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
৫. সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. অফিস কপি।

*Diplam*

০৩.০৪.২০২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ  
০৩.৪.২৪